

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 উপজেলা সমবায় কার্যালয়  
 ভৈরব, কিশোরগঞ্জ।  
 bhairabuco@gmail.com

আদেশ নং- ৪৭.৬১.৪৮০০.০০০.২৮.০২৮.১৮.১১৩

তারিখঃ ১৫/০৩/২০২৩খি।

#### অফিস আদেশ

সমবায় অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উন্নাবনী কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অর্থবছরের আওতায় সকল অধিস্থন দপ্তর/সংস্থার জন্য একটি সেবা সহজীকরণ আইডিয়া বাস্তবায়নের নিমিত্ত সেবা চূড়ান্ত করণের লক্ষ্যে বিগত ০১/০২/২০২৩ তারিখে সমবায় অধিদপ্তর, ঢাকায় অনুষ্ঠিত কর্মশালার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে জেলা এবং উপজেলা কার্যালয়সমূহের জন্য সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন ২০০২ ও ২০১৩) এর ১৮(৫) মোতাবেক প্রাথমিক সমবায় সমিতির “অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন” বিষয়টি নির্বাচন করতঃ উক্ত “সেবা সহজীকরণ” এর ধাপসমূহ নিয়ন্ত্রণ নির্ধারণ করা হলো।

ক্রঃ নং	প্রস্তাবিত ধাপসমূহ
০১	অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন উপলক্ষ্যে সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠান এবং সরবরাহকৃত রেজুলেশন ও আবেদনের ফরম্যাট পূরণ।
০২	পূরণকৃত আবেদন ও রেজুলেজশন উপজেলা সমবায় দপ্তরে সরাসরি বা মেইলে প্রেরণ/দাখিল।
০৩	উপজেলা সমবায় দপ্তর কর্তৃক ডাইরিভুক্তকরণ ও নথিতে উপস্থাপন পূর্বক সংশ্লিষ্ট সমিতি কর্তৃপক্ষ বরাবর ০৩ কর্ম দিবসের মধ্যে উপজেলা সমবায় অফিসার কর্তৃক অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ এবং ই-মেইল বা নথিতে জারী করে সমিতিতে এসএমএস প্রেরণ।
০৪	সমিতির শেয়ার মূলধন ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকার উর্দ্ধে জেলা সমবায় অফিসার কর্তৃক প্রাপ্ত ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর পূর্বক জেলায় প্রেরণ। সমিতির শেয়ার মূলধন ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা বা কম হলে উপজেলা সমবায় অফিসার কর্তৃক অনুমোদন এবং আদেশ প্রদান করবেন।
০৫	জেলা সমবায় অফিসার কর্তৃক গ্রহণ ও ডাইরীভুক্ত করণ।
০৬	জেলা সমবায় দপ্তরের সংশ্লিষ্ট নথি উপস্থাপনকারী কর্তৃক নথিতে উপস্থাপন।
০৭	জেলা সমবায় অফিসার কর্তৃক অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ এবং ই-মেইল বা নথিতে জারী করে সমিতিতে এসএমএস প্রেরণ।
	২। এমতাবস্থায় সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন ২০০২ ও ২০১৩) এর ধারা ১৮(৫) মোতাবেক প্রাথমিক সমবায় সমিতির “অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন” এর ক্ষেত্রে বিদ্যমান ধাপসমূহের ক্ষেত্রে উল্লিখিত ধাপসমূহ যথাযথভাবে অনুসরনের জন্য অনুরোধ করা হলো।
	প্রস্তাবিত ধাপ সমূহ অনসরণ পূর্বক বাস্তবায়নের নিমিত্তে এ আদেশ জনস্বার্থে জারী করা হলো।

#### স্বাক্ষরিত/-

মোঃ শহীদুল ইসলাম  
 উপজেলা সমবায় অফিসার  
 ভৈরব, কিশোরগঞ্জ।

স্মারক নং - ৪৭.৬১.৪৮০০.০০০.২৮.০২৮.১৮.১১৩/১(১১৭)

তারিখঃ ১৫/০৩/২০২৩খি।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। জেলা সমবায় অফিসার, কিশোর গঞ্জ। মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য।
- ০২। সহকারী পরিদর্শক/অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, উপজেলা সমবায় কার্যালয়, ভৈরব, কিশোরগঞ্জ।  
জ্ঞাতার্থে ও কার্যার্থে।
- ০৩। ..... সভাপতি/সম্পাদক, ..... সমবায় সমিতি লিঃ, ভৈরব, কিশোরগঞ্জ।

#### স্বাক্ষরিত/-

উপজেলা সমবায় অফিসার

নথি